# প্রথম প্রকাশ

–বেবি শর্মা

প্রিয় মা,

কেমন আছো ? আশা করি ভালোই আছো। তোমাকে নিয়ে আমার দোলাচল ভাবনার আজ কিন্তু মূর্তিমান, প্রতিচ্ছবি তোমারই সামনে তুলে ধরলাম। সে প্রতিচ্ছবি আমার ভাবনার অখন্ড তুলির প্রকাশ্য আবেগ।

জীবনে উপরি পাওনাটাকে তো কেউ কোনোদিন হিসাব করে না, তাই আমিও আর করলাম না। তোমাকে আমি আমার জন্মগত অধিকার বলেই জেনে এসেছি। তোমাকে পাওয়ার জন্য কোনোদিন কোনো লড়াইও করতে হয়নি আমাকে। কঠিন সাধনার বস্তু হিসেবে আমরা 'প্রেম'কেই মূল্য দিয়েছি। কত আবেগের ঝড় তুলেছি, কত অভিসারে নেমেছি, কত প্রদীপ অকালেই নিভে গেছে কিন্তু কোনোদিন তোমায় নিয়ে কেউ ভাবেনি। আমার এই বিলাসিতার মর্মবেদনাখানি তোমাকে ঘিরে নয় সুতরাং তুমি আজও অবহেলিত 'মা'।

কিন্তু তুমিই তো আমার একান্ত আপন নিভৃত নিকুঞ্জ গহীনে সুরের তান; তুমিই হয়ত আমার সেই অদ্বিতীয়, যাকে আমি প্রতিদিন খুঁজি। জানো তো মা, আমি একা পরিপূর্ণ নই; আমার আমি আজও তোমাকে ছাড়া অসম্পূর্ণ। মা গো, আমার বিলাসিতার, আমার আনন্দের, আমার অফুরন্ত সীমাহীন চঞ্চল প্রাণের 'স্পন্দন' 'তুমি'।

তুমি দেখিয়েছ আলোর পৃথিবী সে দেখিয়েছে কঠিন অন্ধকার সত্য মরুভূমি দুই-এ মিলে শূন্য আমি এখানেই আমি পূর্ণ।

আমি যেন তোমাতেই মিলায়ে যাই এই মোর বাসনা।

ইতি-

তোমার নীলাঞ্জনা